44. কৌণিক বেগ (ω), বৃত্তাকার ব্যাসার্ধ (r) এবং কৌণিক বেগ (v) এর মধ্যে সম্পর্ক কি? [Ans: d][CVASU'10-11]
 (a) $\omega = vr$ (b) $r = \omega v$ (c) $v = \omega r^2$ (d) $v = \omega r$
45. 5 টনের একটি ট্রাক ঘন্টায় 36km বেগে চলছে। এটি 4m দূরত্বে থামাতে কত বলের প্রয়োজন হবে? [BAU'08-09]
 (a) 32.2kN (b) 42 kN (c) 52.2kN (d) 62.5kN
 সমাধান: (d); $F = \frac{mv^2}{2s} = \frac{5 \times 1000 \times 10^2}{2 \times 4} = 62.5 \text{ kN}$
46. কত মানের একটি বল 20kg ভরের একটি বস্তুর উপর 4sec ক্রিয়া করলে বেগের পরবর্তন 40ms^{-1} হবে? [BAU'08-09]
 (a) 50N (b) 100N (c) 150N (d) 200N
 সমাধান: (d); এখানে, $m = 20\text{kg}$; $t = 4 \text{ sec}$; $v - u = 40 \text{ m/s}$
 জানি, $v = u + at \Rightarrow v - u = at \Rightarrow 40 = a \times 4 \therefore a = 10 \text{ m/s}^2$ সুতরাং $F = ma = 20 \times 10 = 200\text{N}$
47. বলের পরম একক 1 নিউটন সমান— [SBAU'08-09]
 (a) $1 \text{ lb} \times 1 \text{ ft}/\text{s}^2$ (b) $1 \text{ g} \times 1 \text{ cm}/\text{s}^2$ (c) $1 \text{ kg} \times 1 \text{ m}/\text{s}^2$ (d) $1 \text{ kg} - \text{wt}$
 সমাধান: (c); যে বল 1kg ভরের কোন বস্তুতে প্রয়োগ করা হলে 1ms^{-2} ত্বরণের সৃষ্টি হয়, তাকে 1N বলে।
 অর্থাৎ $1\text{N} = 1\text{kg} \times 1\text{ms}^{-2}$

অধ্যায়-০৫ : কাজ, শক্তি ও ক্ষমতা

01. 100 kg ভরের একটি লিফট 1.8 ms^{-2} ত্বরণে নিচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো 60 kg ভরের একজন ব্যক্তি কত বল অনুভব করবে? [BAU'18-19]
 (a) 340 N (b) 480 N (c) 500 N (d) 550 N
 সমাধান: (b); $F = 60 \times (9.8 - 1.8)\text{N} = 480\text{N}$
02. 100 কেজি ভরের একটি বস্তুর ভরবেগ 200 kgm/s হলে গতিবেগ কত হবে? [SAU'18-19]
 (a) 400 J (b) 200 J (c) 300 J (d) 100 J
 সমাধান: (b); $E = \frac{p^2}{2m} = 200 \text{ J}$

03. কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ কোনটি? [Ans: c][RU'16-17,SAU'18-19]
 (a) অসীম (b) ধনাত্মক (c) শূন্য (d) ঋণাত্মক
04. 2kg ভর বিশিষ্ট একটি বস্তুকে 0.5m উচ্চতা থেকে ফেলা হলে তার মাধ্যাকর্ষণ স্থিতিশক্তি হবে- [CVASU'18-19]
 (a) 100J (b) 10J (c) 98J (d) 50J
 সমাধান: (b); $mgh = 2 \times 9.8 \times 0.5 = 9.8J \approx 10J$
05. গতিশক্তির মাত্রা কোনটি? [Ans: c][CVASU'18-19]
 (a) $[ML^2T^2]$ (b) $[ML^2T^{-1}]$ (c) $[ML^2T^{-2}]$ (d) $[ML^{-2}T^2]$
06. 60 m উচ্চতা হতে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে ভূমি হতে কত উচ্চতায় বিভবশক্তি গতিশক্তির অর্ধেক হবে? [BAU'17-18]
 (a) 10 m (b) 20 m (c) 30 m (d) 40 m
 সমাধান: (b); ধরি, নির্ণেয় উচ্চতা x ।
 $\therefore x$ উচ্চতায় বিভবশক্তি mgx এবং গতিশক্তি $2mgx$ $\therefore mgx + 2mgx = mgh \therefore x = \frac{h}{3} = 20m$
07. বল প্রয়োগে যদি কোন বস্তুর সরণ বলের লম্ব বরাবর হয় তাকে কি ধরনের কাজ বলা যায়? [JGVC'17-18]
 (a) ধনাত্মক কাজ (b) ঋণাত্মক কাজ (c) শূন্য কাজ (d) ত্বরিত কাজ
 সমাধান: (c); $W = Fs \cos\theta = Fs \cos 90^\circ$ [$\because \theta = 90^\circ$] $= Fs \times 0 = 0$
08. একটি কণার উপর $\vec{F} = (6\hat{i} - 3\hat{j} + 2\hat{k})N$ বল প্রয়োগ করলে কণাটির $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k})m$ সরণ হয়। বল দ্বারা সম্পাদিত কাজের পরিমাণ কত? [BAU'16-17]
 (a) 2J (b) 4J (c) 8J (d) 16J
 সমাধান: (b); $W = \vec{F} \cdot \vec{r} = 6.2 - 3.2 + 2(-1) = 4J$
09. 60 kg ভরের জনৈক 20 মিনিটে 180m উচ্চ একটি চূড়ায় আরোহণ করেন, তার বিভব শক্তি কত? [Ans: a][CVASU'16-17]
 (a) 10.58×10^4J (b) $5.63 \times 10^{-3}J$ (c) $6.84 \times 10^{16}J$ (d) 9.82×10^3J
10. একটি ফ্রেনের সাহায্যে 100kg লোডকে $1ms^{-1}$ বেগে উত্তোলন করা হলে ফ্রেনটির ক্ষমতা কত হবে? [SBAU'16-17]
 (a) 980 W (b) 100 W (c) 98 W (d) 9.8 W
 সমাধান: (a); $P = FV = 100 \times 9.8 \times 1 = 980W$
11. 90m উচ্চতা হতে একটি বস্তুকে পতিত হতে দেয়া হলো। কোথায় এর গতিশক্তি স্থিতি শক্তির অর্ধেক হবে? [SBAU'16-17]
 (a) 50m (b) 60m (c) 70m (d) 80m
 সমাধান: (b); $mgx = 2mg(h - x) \Rightarrow 2h = 3x \Rightarrow x = \frac{2}{3}h = 60m$
12. 140 lb ভরের একজন লোক দৌড়াইয়া 3.8 sec এ 11 ft খাড়া পথ অতিক্রম করে উপর তলায় উঠল, তার ব্যয়িত ক্ষমতা কত? [BAU'14-15]
 (a) 0.5691 HP (b) 0.7369 HP (c) 1.5691 HP (d) 1.7369 HP
 সমাধান: (b); $P = \frac{mgh}{t} = \frac{63.5 \times 9.8 \times 3.353}{3.8} = \frac{549.098}{746} HP = 0.736 HP$; $m \approx 140lb = 63.5 kg$
 $h = 11 ft = 3.353m$; $t = 3.8 sec$
13. 2kg ভরের একটি বস্তু 3m উঁচু হতে পড়ে তাপে রূপান্তরিত হলে, তাপের পরিমাণ কত হবে? [BAU'14-15]
 (a) 4.01 cal (b) 10.10 cal (c) 14.01 cal (d) 24.01 cal
 সমাধান: (c); $W = Q = mgh \Rightarrow Q = \frac{(2 \times 3 \times 9.8)}{4.2} cal \Rightarrow Q = 14 cal$
14. 100 kg ভরের একটি বস্তুর ভরবেগ $200kgms^{-1}$ হলে এর গতি শক্তি কত? [SBAU'14-15]
 (a) 400J (b) 300J (c) 200J (d) 100J
 সমাধান: (c); $E_k = \frac{p^2}{2m} = \frac{(200)^2}{2 \times 100} = 200J$
15. 1.4kg ভরের একটি বস্তু 10.5 মিটার উঁচু থেকে পড়ে গেল। পতনের প্রক্রিয়ায় সমস্ত শক্তিই তাপে রূপান্তরিত হলে উৎপন্ন তাপ কত? [SBAU'13-14]
 (a) 144.2 cal (b) $3.43 \times 10^8 Cal$ (c) 34.3 Cal (d) 150 Cal
 সমাধান: (c); $mgh = 1.4 \times 10.5 \times 9.8 = 144.06J = 34.3 Cal$



16. ক্ষমতার মাত্রা হলো— [JGVC'14-15]
 (a) MLT^{-2} (b) ML^2T^{-3} (c) ML^2T^{-2} (d) ML^3T^{-3}
 সমাধান: (b); $P = \frac{W}{t} = \frac{mgs}{t} = \frac{MLT^{-2} \times L}{T} = ML^2T^{-3}$
17. 1 eV এর মান হলো— [Ans: a][JGVC'14-15]
 (a) $1.6 \times 10^{-19}J$ (b) $1.6 \times 10^{-19}C$ (c) $1.6 \times 10^{-27}J$ (d) $1.6 \times 10^{27}C$
18. 1 kWh এর সমান কত Joule? [BAU'06-07,CVASU'10-11JGVC'14-15]
 (a) 36×10^5J (b) 3600 J (c) 360 J (d) 746 J
 সমাধান: (a); 1 kWh = 100 × 3600 = 36×10^5J
19. 0.2 kg ওজনের একটি বল 20 মিটার উচ্চতা হতে পতিত হল। ইহা মাটিতে পড়ার দরুণ 30J শক্তি কম হল। মাটিতে প্রতিঘাতের পর ইহা কত উচ্চতায় উঠবে? (যেখানে $g = 10m/sec^2$) [CVASU'14-15,JGVC'14-15]
 (a) 1 m (b) 5 m (c) 8 m (d) 12 m
 সমাধান: (b); $E = mgh = 0.2 \times 10 \times 20 = 40J$; এখানে, $40 - 30 = 10J$; Now, $10 = mgh \Rightarrow h = \frac{10}{0.2 \times 10} = 5m$
20. বস্তুর গতিশক্তি 4 গুণ বৃদ্ধি হলে ভরবেগের পরিবর্তন কত গুণ হবে? [Ans: b] [SBAU'13-14]
 (a) 16 গুণ (b) 2 গুণ (c) গুণ (d) $\frac{1}{16}$ গুণ
21. 1000 কিলোগ্রাম ওজনের কোন ভরকে 20 সেকেন্ডে 10 মিটার উঁচুতে উঠানো হলে, তার ক্ষমতা কত হবে? [CVASU'13-14]
 (a) ~4 কিলোওয়াট (b) ~5 কিলোওয়াট (c) ~6 কিলোওয়াট (d) ~7 কিলোওয়াট
 সমাধান: (b); $p = \frac{W}{t} = \frac{1000 \times g \times 10}{20} = 4.9 kW = \sim 5 kW$
22. 74.6 kg ভরের একজন লোক 25 cm উঁচু 20 টি সিঁড়ি 10 sec এ উঠতে পারে। তার ক্ষমতা কত? [BAU'12-13]
 (a) 300 W (b) 350 W (c) 365.54 W (d) 375 W
 সমাধান: (c); $P = \frac{mgh}{t} = \frac{74.6 \times 9.8 \times 0.25 \times 20}{10} = 365.54W$
23. 100m হতে উঁচু গাছের ডাল হতে 500gm ওজনের একটি পাকা আম খাড়া নিচে পড়ে গেলে ভূমি স্পর্শ করার মুহূর্তে আমটির গতি শক্তি হবে ($g = 9.8 ms^{-2}$) — [SAU'12-13,CVASU'12-13]
 (a) 490J (b) $49 \times 10^4 J$ (c) 980J (d) 500J
 সমাধান: (a); $E_k = mgh = 0.5 \times 9.8 \times 100 = 490J$
24. মাটি থেকে 10 মিটার উচ্চতা হতে একটি আম মাটিতে পতিত হতে লাগল। 5 মিটার পড়ন্ত আমটির ক্ষেত্রে— [Ans: c] [CVASU'12-13]
 (a) শক্তির রূপান্তর ঘটবে (b) শক্তির কোন রূপান্তর ঘটবে না
 (c) স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হবে (d) গতিশক্তি স্থিতিশক্তিতে রূপান্তরিত হবে
25. একটি বিদ্যুৎ কেন্দ্রের সরবরাহকৃত বিদ্যুৎ শক্তি দ্বারা প্রতি সেকেন্ডে 100×10^6J কাজ করা যায়। বিদ্যুৎ কেন্দ্রটির ক্ষমতা কত? [BAU'11-12]
 (a) 50MW (b) 1000MW (c) 100MW (d) 500MW
 সমাধান: (c); $P = \frac{W}{t} = \frac{100 \times 10^6}{1} = 100MW$
26. 75% দক্ষতা সম্পন্ন একটি মোটরের ক্ষমতা 200W। এটি প্রতি সেকেন্ডে কত জুল কাজ করে? [BAU'11-12]
 (a) 150 J (b) 75 J (c) 266.7 J (d) 50 J
 সমাধান: (a); $P = \frac{W}{t} \Rightarrow W = Pt = 200 \times \frac{75}{100} \times 1 = 150J$
27. এক ঘন্টার একটি 250 W টিভি সেট বা 10 মিনিটের একটি 1200W ইন্ড্রি, কোনটি বেশি শক্তি ব্যবহার করবে? [BAU'11-12]
 (a) টিভি সেট (b) ইন্ড্রি (c) সমান শক্তি (d) কোনটিই নয়
 সমাধান: (a); ব্যয়িত শক্তি = $\frac{P \times t}{1000} KWh$
 এখন, টিভি সেট কর্তৃক ব্যয়িত শক্তি = $\frac{250 \times 1}{1000} = 0.25 KWh$ এবং ইন্ড্রি কর্তৃক ব্যয়িত শক্তি = $\frac{P \times T}{1000} = \frac{1200 \times 10}{1000 \times 60} = 0.2 KWh$
 \therefore টিভি সেট বেশি শক্তি ব্যয় করবে।

28. 10 কিলোগ্রাম ভরের একটি বস্তু 50 মিটার উচ্চতা হতে পড়লে ইহার গতিশক্তি কত হবে?
 (a) $4.9 \times 10^3 \text{ erg}$ (b) $4.9 \times 10^3 \text{ J}$ (c) $4.9 \times 10^7 \text{ erg}$ (d) $4.9 \times 10^7 \text{ J}$

সমাধান: (b); বস্তুর গতিশক্তি = $mgh = 10 \times 9.8 \times 50 = 4.9 \times 10^3$

[Ans: a][SAU'11-12]

29. 60ft উঁচু একটি স্থান থেকে একটি বস্তু পড়ে গেল। কোথায় এর গতিশক্তি স্থিতিশক্তির অর্ধেক হবে?
 (a) 20ft (b) 45ft (c) 49ft (d) 50ft

সমাধান: (a); $h = \frac{2}{3} H = \frac{2}{3} \times 60 = 40\text{ft}$; সর্বোচ্চ বিন্দু হতে 20ft নিচে।

[Ans: a][CVASU'11-12]

30. Killowatt দ্বারা পরিমাপ করা যায়-

(a) ক্ষমতা (b) সময় (c) রোধ (d) শক্তি

31. কোনো কূপ থেকে 20 m উপরে পানি তোলার জন্য 6 kW এর একটি পাম্প ব্যবহার করা হচ্ছে। পাম্পের দক্ষতা 88.2% হলে প্রতি মিনিটে কত লিটার পানি তোলা যাবে?
 (a) $3 \times 10^2 \text{ L}$ (b) $1.5 \times 10^3 \text{ L}$ (c) $1.62 \times 10^2 \text{ L}$ (d) $1.62 \times 10^3 \text{ L}$

সমাধান: (d); $p = 6000 \times 0.882 = 5292\text{w}$; $pt = 5292 \times 60$

$mgh = 317520 \text{ J}$ [$pt = w_p = mgh$]; $m = \frac{317520}{9.8 \times 20} = 1620 = 1.62 \times 10^3 \text{ L}$


[Ans: d][CVASU'10-11]

32. বল এবং সরণের মধ্যবর্তী কোণের পরিমাণ কত হলে কাজের মান ধনাত্মক হবে?
 (a) 30° (b) 45° (c) 60° (d) সবকয়টি

33. সাইফন কী ধরনের জিনিস?

(a) প্রাকৃতিক পাম্প (b) শক্তিচালিত পাম্প (c) পাওয়ার টিলার (d) ঘূর্ণিঝড়

[BAU'09-10]



সমাধান: (b);

সাফন হলো বায়ুচাপ ও অভিকর্ষকে কাজে লাগিয়ে উঁচু স্থান থেকে নিচু স্থানে তরল স্থানান্তর করার প্রক্রিয়া। এটি শক্তি চালিত নয়। একবার বায়ুশূন্য করে পাইপটিকে চালু করে দিলে পানি অবিরাম উঁচু স্থান থেকে নিচু স্থানে পড়তে থাকে।

34. 10 m গভীর কুয়া থেকে ইঞ্জিনের সাহায্যে প্রতি মিনিটে 1200kg পানি উত্তোলন করা হয়। ইঞ্জিনের দক্ষতা 70% হলে এর অশ্ব ক্ষমতা কত?
 (a) 3.75 (b) 4.5 (c) 9.5 (d) 8.4

[BAU'08-09]

সমাধান: (a); এখানে, $h = 10\text{m}$; $t = 1 \text{ min} = 60\text{s}$; $x = 70\% = 0.7$; $m = 1200 \text{ kg}$

Now, $P = \frac{mgh}{xt} = \frac{1200 \times 9.8 \times 10}{0.7 \times 60} = 2800 \text{ J} = \frac{2800}{746} \text{ HP} = 3.75 \text{ HP}$

অধ্যায়-০৬ : মহাকর্ষ ও অভিকর্ষ

01. ভূ-কেন্দ্র থেকে 8000 km দূরে অবস্থান করে এরূপ একটি কৃত্রিম উপগ্রহকে পৃথিবীর চারদিকে কী বেগে ঘুরতে হবে?
 (a) 2518 ms^{-1} (b) 5810 ms^{-1} (c) 7089 ms^{-1} (d) 8905 ms^{-1}

সমাধান: (c); $v = \sqrt{\frac{GM}{d}} = 7089 \text{ ms}^{-1}$ (প্রায়)

[BAU'12-13,SAU'14-15,BAU'18-19]

02. পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চাঁদের ভর ও ব্যাসার্ধের 81 গুণ এবং 4 গুণ। পৃথিবী পৃষ্ঠে একজন লোকের ওজন 648 N। লোকটি চাঁদে গেলে কতটুকু ওজন হারাবে?

(a) 480 N (b) 520 N (c) 550 N (d) 600 N

[BAU'18-19]

সমাধান: (b); $\frac{F}{648} = \frac{1}{\left(\frac{81}{4}\right)^2} = \frac{16}{81} \therefore F = 128\text{N} \therefore \Delta F = 648 - 128 = 520\text{N}$



03. কোনটি কৃত্রিম উপগ্রহের উচ্চতা ও আবর্তনকালের মধ্যে সম্পর্ক? [Ans: b][SBAU'09-10,SAU'18-19]
 (a) $\left(\frac{GMT^{-2}}{4\pi^2}\right)^{1/3} - R$ (b) $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{1/3} - R$ (c) $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{1/\sqrt{3}} - R$ (d) $\left(\frac{GMT^{-2}}{4\pi^2}\right)^{1/3} - R^2$
04. একটি ভূস্থির উপগ্রহের আবর্তনকাল কত? [Ans: b][CVASU'16-17,18-19]
 (a) 12 ঘন্টা (b) 24 ঘন্টা (c) 1 মাস (d) 365 দিন
05. পৃথিবী এবং শুক্র গ্রহের সূর্যকে প্রদক্ষিণ করতে যথাক্রমে 365 এবং 224 দিন লাগে, সূর্য হতে গ্রহ দুটির দূরত্বের অনুপাত কত? [BAU'17-18]
 (a) 1.08 (b) 1.23 (c) 1.38 (d) 2.25
- সমাধান: (c); $\frac{R_e^3}{R_s^3} = \frac{T_e^2}{T_s^2} \therefore \frac{R_e}{R_s} = \sqrt[3]{\left(\frac{365}{224}\right)^2} = 1.384$
06. কেপলারের তৃতীয় সূত্রের অপর নাম কি? [Ans: c][JGVC'17-18]
 (a) কক্ষের সূত্র (b) ক্ষেত্রফলের সূত্র (c) আবর্তনকালের সূত্র (d) গতি সূত্র
07. বৃহস্পতি গ্রহের ভর $1.9 \times 10^{27} \text{kg}$ এবং ব্যাসার্ধ $7 \times 10^7 \text{m}$ । বৃহস্পতির পৃষ্ঠে মুক্তি বেগ কত? [BAU'16-17]
 (a) $6.02 \times 10^4 \text{ms}^{-1}$ (b) $11.6 \times 10^4 \text{ms}^{-1}$ (c) $15.8 \times 10^4 \text{ms}^{-1}$ (d) $19.52 \times 10^4 \text{ms}^{-1}$
- সমাধান: (a); $v_e = \sqrt{\frac{2GM}{R}} = \sqrt{\frac{2 \times 6.67 \times 10^{-11} \times 1.9 \times 10^{27}}{7 \times 10^7}} = 6.02 \times 10^4 \text{ms}^{-1}$
08. মঙ্গল গ্রহের ব্যাস 6000 km এবং এর পৃষ্ঠে অভিকর্ষীয় ত্বরণ 3.8m.s^{-2} । মঙ্গল গ্রহের পৃষ্ঠ হতে একটি বস্তুর মুক্তি বেগ কত হবে? [BAU'16-17,SAU'16-17]
 (a) 3.32km.s^{-1} (b) 4.77km.s^{-1} (c) 11.18km.s^{-1} (d) 60.3km.s^{-1}
- সমাধান: (b); $V = \sqrt{2gR} = \sqrt{2 \times 3.8 \times \frac{6000 \times 10^3}{2}} = 4.77 \text{kms}^{-1}$
09. ইউরেনাস কত সময়ে সূর্যকে একবার প্রদক্ষিণ করে? [Ans: d][SAU'16-17]
 (a) 1 বছর (b) 88 দিন (c) 29.5 বছর (d) 84 বছর
10. মঙ্গলগ্রহের ব্যাস 6600km এবং অভিকর্ষজ ত্বরণের গড়মান 3.6ms^{-2} । মঙ্গলগ্রহ থেকে একটি রকেটের মুক্তি বেগ কত? [Ans: b][JGVC'16-17]
 (a) $48.2 \times 10^2 \text{ms}^{-1}$ (b) $48.7 \times 10^2 \text{ms}^{-1}$ (c) $49.5 \times 10^2 \text{ms}^{-1}$ (d) $50.2 \times 10^2 \text{ms}^{-1}$
11. মহাকর্ষীয় প্রাবল্য ও মহাকর্ষীয় বিভবের মধ্যে সম্পর্ক হলো- [Ans: c][RU'16-17]
 (a) $E = dV/dr$ (b) $F = Vr$ (c) $E = -dV/dr$ (d) $E = V/r$
12. পৃথিবীতে মুক্তিবেগের মান কত? [Ans: c][JGVC'14-15,RU'16-17]
 (a) 11.2ms^{-1} (b) 1120ms^{-1} (c) 11.2kms^{-1} (d) 112kms^{-1}
13. পৃথিবী পৃষ্ঠে মধ্যাকর্ষণজনিত ত্বরণের মান কত? [Ans: c][CVASU'16-17]
 (a) 12ms^{-2} (b) 11.8ms^{-2} (c) 9.8ms^{-2} (d) 15ms^{-2}
14. পৃথিবীর চতুর্দিকে r ব্যাসার্ধের কক্ষপথে v বেগে একটি উপগ্রহ ঘুরছে। কক্ষপথের ব্যাসার্ধ 1% কমালে এর গতি শতকরা কত বৃদ্ধি পাবে? [BAU'14-15]
 (a) 0.5% (b) 1% (c) 1.5% (d) 2%
- সমাধান: (b); $v = \sqrt{\frac{Gm}{r}}$; $v' = \sqrt{\frac{Gm}{\left(\frac{99}{100}\right)r}} = \frac{10}{\sqrt{99}}v \therefore$ বৃদ্ধি পেল $\frac{v'-v}{v} \times 100 = 0.995\%$
15. কোনটি মহাকর্ষীয় বিভবের একক নির্দেশ করে? [CVASU'13-14,SBAU'14-15]
 (a) Nmkg^{-1} (b) Jkg (c) kgJ^{-1} (d) $\text{Nm}^{-1}\text{kg}^{-1}$
- সমাধান: (a); $v = \frac{w}{m} \therefore$ একক $\text{Jkg}^{-1} = \text{Nmkg}^{-1}$
16. কোথায় পৃথিবীর মহাকর্ষীয় ক্ষেত্রের তীব্রতা বেশী? [CVASU'10-11,SBAU'14-15]
 (a) পৃথিবীর কেন্দ্রে (b) বিষুবীয় অঞ্চলে (c) মেরু অঞ্চলে (d) ক্রান্তীয় অঞ্চলে
- সমাধান: (c); $1 = \frac{P}{r^2} \therefore$ মেরু অঞ্চলে ব্যাসার্ধ কম বলে তীব্রতা বেশী।
17. হঠাৎ সংকুচিত হয়ে পৃথিবীর ব্যাসার্ধ অর্ধেক হল, দিনের দৈর্ঘ্যের কি পরিবর্তন হবে? [SAU'14-15]
 (a) 12 ঘন্টা হ্রাস পাবে (b) 14 ঘন্টা হ্রাস পাবে (c) 16 ঘন্টা হ্রাস পাবে (d) 18 ঘন্টা হ্রাস পাবে
- সমাধান: (d); $L = L' \Rightarrow I\omega = I'\omega' \Rightarrow mr^2 \cdot \frac{2\pi}{T} = m\left(\frac{r}{2}\right)^2 \frac{2\pi}{T'}$ । সুতরাং হ্রাস পাবে $\frac{3}{4}T$ বা $\frac{3}{4} \times 24$ ঘন্টা।

18. ভূপৃষ্ঠের যে স্থানে মাধ্যাকর্ষণ জনিত ত্বরণ 10ms^{-2} সেখানে 5kg ভরের একটি বস্তুর ওজন হলো— [JGVC'14-15]
 (a) 50 N (b) 2 N (c) 0.5 N (d) 500 N
 সমাধান: (a); $w = mg = 5 \times 10 = 50\text{N}$
19. সর্বনিম্ন কত বেগে কোন বস্তুকে উপরের দিকে নিক্ষেপ করলে তা আর পৃথিবীতে ফিরে আসবে না? [Ans: c][BSMRAU'14-15]
 (a) 6.95 kms^{-1} (b) 11.12 kms^{-1} (c) 11.18 kms^{-1} (d) 9.8 kms^{-1}
20. যে কক্ষপথে কৃত্রিম উপগ্রহ স্থির থাকে তাকে কি বলে? [Ans: a][BSMRAU'14-15]
 (a) ভূ-স্থির কক্ষপথ (b) উপগ্রহ কক্ষপথ (c) স্থির কক্ষপথ (d) পার্কিং কক্ষপথ
21. মহাকর্ষীয় ধ্রুবক G এর মাত্রা ও মান যথাক্রমে — [Ans: b][SAU'12-13]
 (a) $L^2M^1T^{-2}$; $6.673 \times 10^{-10}\text{Nm}^2\text{Kg}^{-2}$ (b) $L^3M^1T^{-2}$; $6.673 \times 10^{-11}\text{Nm}^2\text{Kg}^{-2}$
 (c) $L^3M^1T^{-1}$; $6.673 \times 10^{-11}\text{Nm}^2\text{Kg}^{-2}$ (d) $L^3M^1T^{-2}$; $66.73 \times 10^{-11}\text{Nm}^2\text{Kg}^{-2}$
22. সূর্যের চারদিকে মঙ্গলগ্রহ ও পৃথিবীর কক্ষপথ প্রায় বৃত্তাকার। মঙ্গলগ্রহের আবর্তনকাল 0.615 বছর এবং পৃথিবীর আবর্তনকাল হল 1 বছর। গ্রহ দুটির কক্ষ পথের ব্যাসার্ধের অনুপাত কত? [CVASU'12-13]
 (a) 1.08 (b) 1.18 (c) 1.28 (d) 1.38
 সমাধান: (d); $\frac{R_e}{R_m} = \left(\frac{1}{0.615}\right)^{\frac{2}{3}} = 1.38$
23. পৃথিবীর গড় ঘনত্ব কত? [Ans: b][CVASU'12-13]
 (a) $3.3 \times 10^3\text{ Kg m}^{-3}$ (b) $5.5 \times 10^3\text{ Kg m}^{-3}$ (c) $7.7 \times 10^3\text{ Kg m}^{-3}$ (d) $1.3 \times 10^3\text{ Kg m}^{-3}$
24. 64 ft/sec বেগে উপরের দিকে নিক্ষিপ্ত একটি বস্তু সর্বোচ্চ কত ফুট উপরে উঠবে? [Ans: c][CVASU'10-11]
 (a) 16 ft (b) 32 ft (c) 64 ft (d) 128 ft
25. পৃথিবীর পৃষ্ঠ থেকে 300 km ভিতরে অভিকর্ষীয় ত্বরণের মান কত? [BAU'11-12]
 (a) 7.9 ms^{-2} (b) 9.34 ms^{-2} (c) 9.78 ms^{-2} (d) 9.8 ms^{-2}
 সমাধান: (b); $\frac{g_d}{g_e} = \left(1 - \frac{h}{R}\right) \Rightarrow g_d = \left(1 - \frac{300}{6400}\right) \times 9.8 = 9.34\text{ ms}^{-2}$
26. একটি বস্তুর ভর 12mg হলে পৃথিবীর কেন্দ্রের দিকে বস্তুটি কত বলে আকর্ষিত হবে? [$g = 9.8\text{ms}^{-2}$] [SBAU'11-12]
 (a) $117.6 \times 10^{-6}\text{N}$ (b) $123.6 \times 10^{-6}\text{N}$ (c) $112.3 \times 10^{-6}\text{N}$ (d) $123.2 \times 10^{-4}\text{N}$
 সমাধান: (a); $F = mg = 12 \times 10^{-6} \times 9.8 = 1.176 \times 10^{-4}\text{N}$
27. পৃথিবীর ভর ও ব্যাসার্ধ, চাঁদের ভর ও ব্যাসার্ধের যথাক্রমে 81 ও 4 গুণ। ভূ-পৃষ্ঠে 150 পাউন্ড ওজনের একজন মানুষ চাঁদে গিয়ে কতটুকু ওজন হারাবে? [চাঁদের ব্যাসার্ধ 1000 মাইল] [Ans: d][SAU'11-12]
 (a) $125.41\text{b} - \text{wt}$ (b) $120.41\text{b} - \text{wt}$ (c) $126.61\text{b} - \text{wt}$ (d) $120.41\text{b} - \text{wt}$
28. কে সর্বপ্রথম মহাকর্ষীয় ধ্রুবক (G) এর মান নির্ণয় করেন? [Ans: a][SAU'11-12]
 (a) হেনরী কেভেন্ডিশ (b) নিউটন (c) চার্লস ডিকেনস (d) লর্ড কেলভিন
29. ক্রান্তীয় অঞ্চলে অভিকর্ষজ ত্বরণ (g) -এর মান কত? [Ans: c][CVASU'11-12]
 (a) 9.78039ms^{-2} (b) 9.80665 ms^{-2} (c) 9.83217 ms^{-2} (d) 9.78918 ms^{-2}
30. ১৯৫৭ সালের ৪ঠা অক্টোবর সাবেক সোভিয়েত ইউনিয়ন সর্ব প্রথম যে কৃত্রিম উপগ্রহ প্রেরণ করে তার নাম কি? [Ans: d][CVASU'11-12]
 (a) ভস্টক-১ (b) এক্সপ্লোরার-১ (c) এ্যাপোলো-১ (d) স্পুটনিক-১
31. মঙ্গল গ্রহের ক্ষেত্রে মুক্তি বেগের মান কত? [Ans: c][CVASU'11-12]
 (a) 3.1 kms^{-1} (b) 4.1 kms^{-1} (c) 5.1 kms^{-1} (d) 6.1 kms^{-1}
32. সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের কত গুণ [SBAU'10-11]
 (a) 10 (b) 20 (c) 25 (d) 27
 সমাধান: (d); সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর 27 গুণ। পৃথিবীর অভিকর্ষজ ত্বরণ চাঁদের 5 গুণ।
 সূর্যের অভিকর্ষজ ত্বরণ চাঁদের 135 গুণ।



33. আধুনিক ভর মাপার যন্ত্রে চিনি জর্য করলে কোন জায়গায় এক কেজি চিনি জর্য করা লাভজনক হবে? [Ans: b] [SBAU'10-11]
 (a) মেরু অঞ্চলে (b) বিষুব রেখায় (c) 150°N অক্ষাংশে (d) 45° S অক্ষাংশে
 সমাধান: বিষুবরেখায় g এর মান কম তাই বস্তুর ওজন কম।
34. ভূ-পৃষ্ঠ থেকে 70 km উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীকে প্রদক্ষিণ করছে। এর আনুভূমিক বেগ কত? [SAU'10-11]
 (a) 5.784 km/s (b) 7.474 km/s (c) 9.834 km/s (d) 5.874 km/s
 সমাধান: (b); $v = \sqrt{\frac{Gm}{(R+h)}}$
35. একটি প্লেন সমবেগে খাড়া উপরের দিকে উঠছে। প্লেনটির ত্বরণ কত? [CVASU'10-11]
 (a) g (b) 0 (c) -g (d) \sqrt{g}
 সমাধান: (c); প্লেনটির ত্বরণ g। নিচের দিকের সাপেক্ষে -g।
36. পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের মান g হলে চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত? [Ans: a][CVASU'10-11]
 (a) $\frac{g}{6}$ (b) 27g (c) 6g (d) $\frac{6}{g}$
37. পৃথিবীর ভর চাঁদের ভরের 81 গুণ এবং পৃথিবীর ব্যাসার্ধ চাঁদের ব্যাসার্ধের 4 গুণ বড়। চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত হবে? [SBAU'09-10]
 (a) 5.69 (b) 1.94 (c) 3.98 (d) 4.98
 সমাধান: (b); পৃথিবীর ভর M_e , ব্যাসার্ধ R_e অভিকর্ষজ ত্বরণ g_e এবং চাঁদের ভর M_m , ব্যাসার্ধ R_m , অভিকর্ষজ ত্বরণ g_m হলে,
 $R_e = 4R_m; M_e = 81M_m; g_e = \frac{GM_e}{R_e^2} = \frac{81GM_m}{16R_m^2}; g_m = \frac{GM_m}{R_m^2} = \frac{16}{81}g_e = 1.94$
38. চন্দ্র গ্রহণের সময় কি হয়? [BAU'09-10]
 (a) পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে (b) চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে
 (c) চাঁদের ছায়া সূর্যের উপর পড়ে (d) পৃথিবীর ছায়া সূর্যের উপর পড়ে
 সমাধান: (a); চন্দ্র গ্রহণের সময় পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে।
39. সূর্যের চারদিকে প্রদক্ষিণরত শুক্র ও পৃথিবীর কক্ষপথের ব্যাসার্ধের অনুপাত 54: 75। পৃথিবীতে 365 দিনে এক বছর হলে শুক্র কতদিনে এক বছর হবে? [SBAU'10-11,BAU'08-09]
 (a) 123 দিন (b) 223 দিন (c) 265 দিন (d) 365 দিন
 সমাধান: (b); এখানে, $R_1:R_2 = 54:75; T_2 = 365 \text{ days}; T_1 = ?$
 জানি, $\left(\frac{T_1}{T_2}\right)^2 = \left(\frac{R_1}{R_2}\right)^3 \Rightarrow \left(\frac{T_1}{365}\right)^2 = \left(\frac{54}{75}\right)^3 \Rightarrow \frac{T_1}{365} = \sqrt{0.373248} \Rightarrow T_1 = 0.6109 \times 365 \therefore T_1 = 223$
40. পৃথিবীর ঘনত্ব (ρ) হলো— [SBAU'08-09]
 (a) $\frac{GM}{R^2}$ (b) $\frac{GM}{r}$ (c) $\frac{3g}{4\pi GR}$ (d) $\frac{GMm}{d^2}$
 সমাধান: (c); ধরি পৃথিবীর ব্যাসার্ধ R \therefore পৃথিবীর আয়তন, $V = \frac{4}{3} \pi R^3$
 \therefore পৃথিবীর ভর, $M = \rho V = \rho \times \frac{4}{3} \pi R^3 \therefore$ অভিকর্ষজ ত্বরণ, g হলে $g = \frac{GM}{R^2} \Rightarrow g = \frac{G \times \frac{4}{3} \pi R^3 \rho}{R^2} \therefore \rho = \frac{3g}{4\pi GR}$

অধ্যায়-০৭ : পদার্থের গাঠনিক ধর্ম

01. 200 mm ব্যাসার্ধের একটি গোলক কোনো তরলের ভিতর দিয়ে $2.1 \times 10^{-2} \text{ ms}^{-1}$ প্রান্তবেগ নিয়ে পড়ছে। ঐ তরলের সান্দ্রতাক 0.003 N sm⁻² হলে সান্দ্র বলের মান কত হবে? [BAU'18-19]
 (a) 2.374×10^{-8} (b) $2.374 \times 10^{-4} \text{ N}$ (c) $2.374 \times 10^{-3} \text{ N}$ (d) $2.374 \times 10^2 \text{ N}$
 সমাধান: (b); $F = 6\pi r\eta v = 2.374 \times 10^{-4} \text{ N}$
02. 2mm² প্রস্থচ্ছেদের একটি তারের সাথে 15 kg ভর ঝুলে আছে। ভর ঝুলানো অবস্থায় তারটির দৈর্ঘ্য 4 m। তারের উপাদানের ইয়াং গুণাংক $1.3 \times 10^{10} \text{ Nm}^{-1}$ । ভর সরিয়ে নিলে তারটির দৈর্ঘ্য কী পরিমাণ সংকুচিত হবে? [BAU'18-19]
 (a) 0.00225 m (b) 0.0225 m (c) 0.225 m (d) 2.25 m
 সমাধান: (b); $y = \frac{FL}{Al} = \frac{F(L'-l)}{Al}; (L' = L + l) \Rightarrow l = \frac{FL'}{Ay+F} = 0.0225 \text{ m}$

03. কোনটি সঠিক নয়? [SBAU'09-10,SAU'18-19]
- (a) পীড়ন = $[ML^{-1}T^{-2}]$ (b) সান্দ্রতাক্ষ = $[ML^{-1}T^{-2}]$
 (c) স্থিতিস্থাপক গুণাক্ষ = $[ML^{-1}T^{-2}]$ (d) বলের ড্রামক = $[ML^{-1}T^{-2}]$
 সমাধান: (d); বলের ড্রামকের মাত্রা = $[ML^{-2}T^{-2}]$
04. আণবিক গঠনের জন্য দায়ী বল কোনটি? [Ans: d][CVASU'18-19]
- (a) মহাকর্ষ বল (b) দুর্বল নিউক্লিয় বল (c) সবল নিউক্লিয় বল (d) তড়িৎ চৌম্বক বল
05. একক ক্ষেত্রফল এবং $2 \times 10^{11}Nm^{-2}$ ইয়ং মানাক্ষ বিশিষ্ট ইস্পাতের তারের দৈর্ঘ্য 1m। তারটি টেনে 1 mm প্রসারিত করলে কত জুল কাজ সম্পন্ন হবে? [BAU'17-18]
- (a) $10^{-2}J$ (b) $10^{-1}J$ (c) 10J (d) 10^5J
 সমাধান: (d); $W = \frac{YAl^2}{2L} = 10^5J$
06. গ্লাস এবং বিশুদ্ধ পারদের মধ্যকার স্পর্শকোণ হবে— [Ans: d][SAU'17-18]
- (a) 50° (b) 79° (c) 109° (d) 139°
07. একটি বড় পানির ফোঁটাকে 27 টি সমান ছোট কণায় রূপান্তরিত করা হল। প্রত্যেকটি ছোট কণার ব্যাস 6mm. প্রত্যেকটি ছোট পানি কণার চার্জ $10\mu C$ হলে বড় পানির কণার ব্যাসার্ধ কত? [SAU'17-18]
- (a) $6 \times 10^{-3}m$ (b) $3 \times 10^{-3}m$ (c) $9 \times 10^{-3}m$ (d) $12 \times 10^{-3}m$
 সমাধান: (c); $\frac{4}{3}\pi R^3 = 27 \times \frac{4}{3}\pi r^3 \Rightarrow R^3 = (3r)^3 \therefore R = 3 \times 3 = 9mm = 9 \times 10^{-3}m$
08. 50mm ব্যাসের একটি সাবানের বুদবুদের ভেতরে চাপ 4 বার হলে বুদবুদের তলটান কত? [SAU'17-18]
- (a) 1250 N/m (b) 12.50 N/m (c) 25 N/m (d) 2500 N/m
 সমাধান: (d); $P = \frac{4T}{r} \Rightarrow T = \frac{pr}{4} = \frac{4 \times 100000 \times 25 \times 10^{-3}}{4} = 2500 N/m$
09. একটি তারের উপাদানের ইয়ং এর গুণাক্ষ $2 \times 10^{11} N/m^2$ । তারটির দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন কত? [SAU'16-17]
- (a) $3 \times 10^6 N \cdot m^{-2}$ (b) $3 \times 10^8 N \cdot m^{-2}$ (c) $3 \times 10^{10} N \cdot m^{-2}$ (d) $3 \times 10^{12} N \cdot m^{-2}$
 সমাধান: (c); পীড়ন = $2 \times 10^{11} \times \frac{15}{100} = 3 \times 10^{10} N \cdot m^{-2}$
10. একটি দীর্ঘ তারে 0.01m দৈর্ঘ্য বিকৃতির জন্য পার্শ্ব বিকৃতি হয় 0.0010। তারটির পয়সনের অনুপাত কত? [Ans: a]
- (a) 0.10 (b) 0.01 (c) 0.0001 (d) 1.0 [SBAU'11-12,16-17]
11. একটি কপার বলকে $20^\circ C$ তাপমাত্রার একটি তেলের ট্যাংকে ফেলা হল। বলটির প্রান্তিক বেগ $6.5cms^{-1}$ এবং ব্যাসার্ধ 2.0mm। তেলের ঘনত্ব $1.5 \times 10^3 kgm^{-3}$ এবং কপারের ঘনত্ব $8.9 \times 10^3 kgm^{-3}$ তেলের সান্দ্রতা গুণাক্ষ কত? [Ans: a][JGVC'16-17]
- (a) $1.00 kgm^{-1}s^{-1}$ (b) $1.50 kgm^{-1}s^{-1}$ (c) $2.00 kgm^{-1}s^{-1}$ (d) $2.30 kgm^{-1}s^{-1}$
12. সান্দ্রতার একক কোনটি? [BAU'15-16]
- (a) $Pa \cdot S^{-1}$ (b) $Pa \cdot S$ (c) $Nm^{-2}S^{-1}$ (d) Nm^{-1}
 সমাধান: (b); η এর একক Nsm^{-2} বা Pas
13. একক ক্ষেত্রফল এবং $2 \times 10^{11}Nm^{-2}$ ইয়ং গুণাক্ষ বিশিষ্ট ইস্পাতের তারের দৈর্ঘ্য 1mm। তারটি টেনে 1mm প্রসারিত করলে কত জুল কাজ সম্পন্ন হবে? [BAU'12-13,15-16]
- (a) $10^{-2}J$ (b) $10^{-1}J$ (c) 10 J (d) 10^5J
 সমাধান: (d); $W = \frac{1}{2} \frac{YAl^2}{L} = \frac{1}{2} \times 2 \times 10^{11} \times 1 \times (10^{-3})^2 = 10^5J$
14. পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত হবে? [Ans: c][BAU'14-15]
- (a) 8° (b) 90° (c) 140° (d) 160°
15. বায়ুর সংস্পর্শে $20^\circ C$ তাপমাত্রায় পানি তলটান কত হবে? [Ans: b][BAU'14-15]
- (a) 7.35 dyne/cm (b) 73.5 dyne/cm (c) 73.5 Nm^{-2} (d) 7.35 Nm^{-1}



16. ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত কত? [SBAU'07-08][BSMRAU'14-15]
 (a) 0.1 (b) 0.3 (c) 0.75 (d) 1.0
 সমাধান: (a); পয়সনের অনুপাত, $\sigma = \frac{\text{বস্তুর পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{dL}{L}$; ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত 0.1।
17. কাঁচ ও পারদের মধ্যকার স্পর্শকোণ কোনটি? [SBAU'07-08,13-14;BSMRAU'14-15]
 (a) সূক্ষ্মকোণ (b) স্থূলকোণ (c) সমকোণ (d) কোনটিই নয়
 সমাধান: (b); যে সব তরল পদার্থ কঠিন পদার্থকে ভিজায় তাদের ক্ষেত্রে স্পর্শ কোণ সূক্ষ্মকোণ, না ভিজালে স্থূলকোণ হয়। পারদ কাঁচকে ভিজায় না। এক্ষেত্রে স্পর্শকোণ স্থূলকোণ।
18. 1 mm^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 5% বাড়াতে হলে কত বল প্রয়োগ করতে হবে? [BAU'13-14,SAU'14-15]
 $[Y = 2 \times 10^{11} \text{ Nm}^{-2}]$
 (a) 10 N (b) 10^2 N (c) 10^3 N (d) 10^4 N
 সমাধান: (d); $Y = \frac{FL}{Al} \Rightarrow F = \frac{YAl}{L} = \frac{2 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times \frac{5L}{100}}{L} = 10^4 \text{ N}$
19. 0.2 g ভরের বৃষ্টির ফোঁটা 200 m/s সমবেগে পতিত হলে তার ওজন হবে — [SAU'14-15]
 (a) 2×10^{-3} N (b) 4×10^{-3} N (c) 6×10^{-3} N (d) শূন্য
 সমাধান: (a); $w = mv = 0.2 \times 10^{-3} \times 9.8 = 1.96 \times 10^{-3} \text{ N}$
20. বস্তু যে ধর্মের জন্য গ্লাসের গায়ে পানির ফোঁটা লেগে থাকে তা হলো — [Ans: c][BSMRAU'14-15]
 (a) সংশক্তি (b) সান্দ্রতা (c) আসঞ্জন (d) পৃষ্ঠটান
21. এক মিলিমিটার ব্যাসার্ধের এক ফোঁটা পানিকে দশ লক্ষ সমান ব্যাসার্ধের ফোঁটাতে পরিণত করা হলো। পৃষ্ঠশক্তি বৃদ্ধির মান কত? [JGVC'14-15, CVASU'14-15]
 (a) 895.75 আর্গ (b) 995.75 আর্গ (c) 1000 আর্গ (d) 1125 আর্গ
 সমাধান: (a); $v = v' \Rightarrow \frac{4}{3} \pi R^3 = \frac{4}{3} \pi r^3 \times 10^6 \Rightarrow R = r \times 10^2 \Rightarrow r = \left(\frac{1 \times 10^{-3}}{10^2}\right) \Rightarrow r = 10^{-5} \text{ m}$
 $\therefore w = \Delta A \times T = 4\pi \{10^6 \times (10 - 5)^2 - (10^{-3})^2\} \times 72 \times 10^{-3} = 8.957 \times 10^5 \text{ g} = 895.75 \text{ erg}$
22. একটি সাবান দ্রবণের পৃষ্ঠটান $20 \times 10^{-3} \text{ N/m}$ হলে $3 \times 10^{-3} \text{ m}$ ব্যাসার্ধের একটি সাবানের বুদবুদের পৃষ্ঠ শক্তি কত? [SBAU'13-14]
 (a) $5.42 \times 10^{-6} \text{ J}$ (b) $2.26 \times 10^{-6} \text{ J}$ (c) $1.13 \times 10^{-6} \text{ J}$ (d) $4.52 \times 10^{-6} \text{ J}$
 সমাধান: (d); $E = TA = 20 \times 10^{-3} \times 4 \times \pi(3 \times 10^{-3})^2 \times 2 = 4.52 \times 10^{-6} \text{ J}$
23. অশান্ত সমুদ্রকে শান্ত করা যায় তরলের যে ধর্ম ব্যবহার করে তা হলো — [Ans: b][SAU'13-14]
 (a) সান্দ্রতা (b) পৃষ্ঠটান (c) পরিবাহিতা (d) আপেক্ষিক গুরুত্ব
24. বুদবুদের চাপ, পৃষ্ঠটান এবং ব্যাসার্ধের মধ্যে সম্পর্ক হচ্ছে— [Ans: a][SBAU'11-12]
 (a) $P = \frac{4T}{r}$ (b) $P = \frac{2T}{r}$ (c) $P = \frac{4T}{3r}$ (d) $P = \frac{T}{r}$
25. পানির আয়তন গুণাঙ্ক কত? [Ans: b][CVASU'11-12]
 (a) $2.1 \times 10^8 \text{ Nm}^{-2}$ (b) $2.1 \times 10^9 \text{ Nm}^{-2}$ (c) $2.1 \times 10^{10} \text{ Nm}^{-2}$ (d) $2.1 \times 10^{11} \text{ Nm}^{-2}$
26. নিচের কোন ব্যাসার্ধের কাচ নলে পানির উত্থান সবচেয়ে বেশি? [SBAU'12-13]
 (a) 0.1cm (b) 0.2cm (c) 0.3cm (d) 0.4cm
 সমাধান: (a); $h \propto \frac{1}{r}$
27. পারদের গলনাঙ্ক কত? [Ans: d][SBAU'12-13]
 (a) 390°C (b) 3000°C (c) 3500°C (d) -39°C
28. সংকট তাপমাত্রার ক্ষেত্রে পৃষ্ঠটান কি হবে? [Ans: a][SBAU'10-11]
 (a) শূন্য (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) চতুগুণ
29. স্পর্শ কোণ 90° এর কম হলে তরলের পৃষ্ঠ হবে — [Ans: b][SAU'10-11]
 (a) উত্তল (b) অবতল (c) সমতল (d) সমাবতল
30. সাবান বুদবুদের অভ্যন্তরস্থ অতিরিক্ত চাপ — [Ans: a][SAU'10-11]
 (a) $P = \frac{4T}{r}$ (b) $P = \frac{2P}{r}$ (c) $P = \frac{T}{2r}$ (d) $P = \frac{T}{r}$

31. পূর্ণ দৃঢ় বস্তু হিসাবে ধরা হয় কোনটিকে? (d) লোহা
(a) কাঁচ (b) ইস্পাত (c) ইট [Ans: b][CVASU'10-11]
32. ইয়ং গুণাংক এর একক- (d) N/m
(a) N - m (b) N/m² (c) N [Ans: d][CVASU'10-11]
33. পৃষ্ঠটান এর একক হল- (d) N/m
(a) N/m² (b) N - m (c) B [SBAU'09-10]
34. স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত ধ্রুব সংখ্যাকে বলে- (d) কোনটিই নয়
(a) ইলাসটিসিটি (b) ইয়ং গুণাংক (c) পয়সন অনুপাত
সমাধান: (b); স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা, একে ইয়ং এর গুণাংক (Y) বলে।
স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর পার্শ্ব বিকৃতি ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা, একে পয়সনের অনুপাত বলে।

অধ্যায়-০৮ : পর্যাবৃত্তিক গতি

01. নিচের কোন সমীকরণটি সরল দোলকের অগ্রগামী তরঙ্গকে প্রকাশ করে? [Ans: a][CVASU'18-19]
(a) $a \sin \omega t$ (b) $a \sin(\omega t) \cos(kt)$ (c) $a \sin(\omega t - kx)$ (d) $a \cos kx$
02. অভিকর্ষজ ত্বরণ $g = 9.8 \text{ m/s}^2$ হলে সেকেন্ড দোলকের দৈর্ঘ্য কত? [CVASU'18-19]
(a) 99.29 cm (b) 98.28 cm (c) 100.00 cm (d) 90.25 cm
সমাধান: (a); $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$; $2 = 2\pi \sqrt{\frac{L}{g}}$; $L = 0.9929 \text{ m} = 99.29 \text{ cm}$
03. k স্প্রিং-ধ্রুবকের একটি স্প্রিংকে কেটে দুই অংশে এমনভাবে ভাগ করা হলো যে, একটির দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। অধিকতর লম্বা স্প্রিংটির স্প্রিং-ধ্রুবক কত? [Ans: c][BAU'17-18]
(a) $\frac{2}{5}k$ (b) $\frac{3}{4}k$ (c) $\frac{2}{3}k$ (d) $\frac{4}{3}k$
04. A একটি সরলদোলক যার দৈর্ঘ্য অন্য একটি সরলদোলক B এর চারগুণ। যদি B এর পর্যায়কাল 2s হয় তাহলে A এর পর্যায়কাল হবে- [SAU'17-18]
(a) 2 sec (b) 4 sec (c) 3 sec (d) 12 sec
সমাধান: (b); $L_A = 4L_B$; $\frac{T_A}{T_B} = \frac{\sqrt{L_A}}{\sqrt{L_B}} = \frac{\sqrt{4L_B}}{\sqrt{L_B}} \therefore T_A = 2 \times 2 = 4$
05. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য 1% বৃদ্ধি করা হলে, দোলকটি দৈনিক কত সেকেন্ড ধীরে চলবে? [BAU'16-17]
(a) 430s (b) 440s (c) 450s (d) 460s
সমাধান: (a); $\frac{T'}{T} = \frac{86400}{86400-n} \Rightarrow \sqrt{\frac{L'}{L}} = \frac{86400}{86400-n} \Rightarrow \sqrt{1.01} = \frac{86400}{86400-n} \Rightarrow n = 428.79 \approx 430s$
06. A ও B দুইটি সরল দোলক। A দোলকের দৈর্ঘ্য B দোলকের দৈর্ঘ্যের চারগুণ। B দোলকের দোলনকাল 1.5 সেকেন্ড হইলে A দোলকের দোলনকাল কত? [Ans: c][SAU'16-17]
(a) 1 sec (b) 2 sec (c) 3 sec (d) 4 sec
07. সরল ছন্দিত স্পন্দনশীল একটি কণার দোলনকাল 10 সেকেন্ড। কোন সমীকরণটি এর ত্বরণ 'a' এবং সরণ 'x' এর সম্পর্ক প্রকাশ করে? [RU'16-17]
(a) $a = -10\pi x$ (b) $a = -(20\pi)x$ (c) $a = -(2\pi/10)^2 x$ (d) $a = -(20\pi)^2 x$
সমাধান: (c); $a = -\omega^2 x = -\left(\frac{2\pi}{10}\right)^2 x$
08. একটি দোলকের পর্যায়কাল 2s। এর কার্যকর দৈর্ঘ্য 4 গুণ করা হলে পর্যায়কাল কত হবে? [Ans: b][SBAU'16-17]
(a) 2s (b) 4s (c) $\frac{1}{4}s$ (d) $\frac{1}{8}s$
09. একটি সরল দোলকের দোলকপিণ্ডটি পানি দ্বারা পরিপূর্ণ করলে দোলনকাল কি হবে? [Ans: c][BAU'14-15]
(a) কমবে (b) বাড়বে (c) অপরিবর্তিত থাকবে (d) কোনটিই নয়

10. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য যদি 2.25 গুণ বৃদ্ধি করা হয়, তবে দোলকটির দোলনকাল কত হবে? [BAU'14-15,9-10;JGVC'13-14]
 (a) 3 sec (b) 6 sec (c) 9 sec (d) 12 sec

সমাধান: (a); $T \propto \sqrt{L} \therefore \frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} \Rightarrow T_2 = 2 \times \sqrt{\frac{(1+2.25)L_1}{L_1}} = 3.68$

[SAU'04-05,14-15, SBAU'14-15]

11. একটি ঘড়ির সেকেন্ডের কাঁটার কৌণিক বেগ কত? [SAU'14-15]

(a) $\frac{\pi}{10}$ rad/s (b) $\frac{\pi}{30}$ rad/s (c) $\frac{\pi}{20}$ rad/s (d) $\frac{\pi}{60}$ rad/s

সমাধান: (b); $w = \frac{2\pi}{T} = \frac{2\pi}{60} = \frac{\pi}{30}$ rad/sec

12. সরল দোলকের কৃত্রিম উপগ্রহের অভ্যন্তরে নিলে দোলন কত হবে? [Ans: a][BSMRAU'14-15]

(a) বাড়বে/অসম্ভব (b) কমবে (c) পরিবর্তন হবে (d) থেমে যাবে

13. কোন সরল ছন্দিত স্পন্দন গতি সম্পন্ন কণার বিস্তার 3cm এবং সর্বোচ্চ বেগ 6.24cm^{-1} হলে কণাটির পর্যায়কাল কত সেকেন্ড?

(a) 2.03 (b) 4.03 (c) 4.02 (d) 3.02 [SBAU'12-13]

সমাধান: (d); $V_{\max} = \omega A \Rightarrow \left(\frac{6.24}{100}\right) = \omega \times \frac{3}{100} \Rightarrow \omega = \frac{6.24}{3} \Rightarrow \frac{2\pi}{T} = \frac{6.24}{3} \therefore T = \frac{2\pi \times 3}{6.24} = 3.02$ sec.

14. পৃথিবীর পৃষ্ঠে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 100cm। যে দোলক পৃথিবীতে প্রতি মিনিটে 20 বার দোল খায় তার দৈর্ঘ্য হবে —

(a) 120cm (b) 180cm (c) 225cm (d) 240cm [SAU'12-13]

সমাধান: (c); $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} \Rightarrow \frac{2}{60/20} = \sqrt{\frac{1}{L_2}} \Rightarrow L_2 = 2.25 \text{ m} = 225 \text{ cm}$

15. K বল ধ্রুবক বিশিষ্ট কোন বস্তু A বিস্তার নিয়ে ছন্দিত স্পন্দনে দুলতে থাকলে তার মোট যান্ত্রিক শক্তি E হবে — [Ans: c] [CVASU'12-13]

(a) $\frac{1}{2}KA$ (b) $\frac{1}{2}K^2A$ (c) $\frac{1}{2}KA^2$ (d) কোনটিই নয়

16. একটি ত্রুটিপূর্ণ সেকেন্ড দোলক দিনে 100s সময় হারায়। এর কতটুকু পরিবর্তন করলে সঠিক সময় দেবে? [Ans: c]

(a) 1.35mm (b) 1.55mm (c) 2.35mm (d) 2.55mm [SAU'11-12]

17. পৃথিবীর গতি কোনটির উদাহরণ? [Ans: a][SAU'11-12]

(a) ঘূর্ণন গতি (b) জটিল গতি (c) দোলন গতি (d) কোনটিই নয়

18. সরল দোলকের পর্যায়কাল, T এর মান কত? [Ans: b,d][CVASU'11-12]

(a) $4\pi\sqrt{\frac{L}{g}}$ (b) $2\pi\sqrt{\frac{L}{g}}$ (c) $2\pi f\sqrt{\frac{L}{g}}$ (d) $2\pi\sqrt{\frac{L}{g}}$

19. পর্যায়কাল ও কম্পাংকের মধ্যে সম্পর্ক কোনটি? [Ans: a][CVASU'10-11]

(a) $n = \frac{1}{T}$ (b) $n = \frac{1}{\omega}$ (c) $\omega = \frac{2\pi}{T}$ (d) কোনটিই নয়

20. সরল দোলকের কার্যকর দৈর্ঘ্য বাড়লে কোনটি সত্য হবে? [Ans: a][CVASU'10-11]

(a) দোলনকাল বাড়বে (b) দোলনকাল কমবে (c) দোলনকাল সমান থাকবে (d) কোনটি নয়


21. একটি সরল দোলকের ফাঁপা দোলক পিণ্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করলে এর দোলনকালের কি ঘটবে? [SBAU'09-10]

(a) পূর্বাপেক্ষা দ্বিগুণ হবে (b) বৃদ্ধি পাবে (c) একই থাকবে (d) হ্রাস পাবে

সমাধান: (b); আমরা জানি, সরল দোলকের দোলনকাল T, কার্যকরী দৈর্ঘ্য L হলে $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ সরল দোলকের দোলক পিণ্ড যদি ফাঁপা বা

নিরেট থাকে তবে দোলকের কার্যকরী দৈর্ঘ্য L হলে, দোলক পিণ্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করলে দোলক পিণ্ডের ভারকেন্দ্র নিচে যাবে,

ফলে কার্যকরী দৈর্ঘ্য L বৃদ্ধি পাবে এবং সমীকরণ মতে দোলনকাল T বৃদ্ধি পাবে।



22. একটি পেণ্ডুলাম ঘড়ি বিঘুবরেখা হতে মেরুতে নিয়ে যাওয়া হলো। ঘড়িটি-
 (a) ফাস্ট হবে (b) স্লো হবে (c) একই সময় দিবে (d) কোনটিই নয়
- সমাধান: (a); পেণ্ডুলাম ঘড়ি দোলকের সাহায্যে তৈরী করা হয় এবং এর দোলনকাল 2π দোলকের ক্ষেত্রে, $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$
 বিঘুব অঞ্চল g এর মান কম এবং মেরু অঞ্চলে g এর মান সবচেয়ে বেশী। ফলে মেরুতে, দোলকের দোলনকাল বিঘুব অঞ্চল অপেক্ষা কম হবে। সুতরাং ঘড়ি মেরুতে ফাস্ট হবে।

23. 1m কার্যকরী দৈর্ঘ্য বিশিষ্ট একটি সরল দোলক প্রতি মিনিটে 30 টি দোলন সম্পন্ন করে। পরীক্ষার স্থানে অভিকর্ষজ ত্বরণের মান হলো-
 (a) 9.07m/s^2 (b) 9.87m/s^2 (c) 9.00m/s^2 (d) 9.32m/s^2 [SBAU'08-09]
- সমাধান: (b); এখানে, $L = 1\text{m}$; $T = \frac{60}{30}\text{s} = 2\text{s}$; $g = ?$ $\pi = 3.1416$
- আমরা জানি, $T = 2\pi \sqrt{\frac{L}{g}} \Rightarrow g = 4\pi^2 \frac{L}{T^2} = 4 \times (3.1416)^2 \times \frac{1}{(2)^2} \text{ms}^{-2} = 9.87\text{ms}^{-2}$

অধ্যায়-০৯ : তরঙ্গ

01. 320 Hz কম্পাঙ্কের একটি সুর শলাকা হতে বাতাসে ও পানিতে উৎপন্ন তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্যের পার্থক্য 4 m। বস্তুতে শব্দের বেগ 345ms^{-1} হলে পানিতে শব্দের বেগ কত হবে?
 (a) 920ms^{-1} (b) 1202ms^{-1} (c) 1428ms^{-1} (d) 1625ms^{-1} [BAU'18-19]
- সমাধান: (d); $(v - 345) = 4 \times 320 \Rightarrow v = 1625 \text{ms}^{-1}$

02. যদি একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যকার দশা পার্থক্য $\frac{\pi}{4}$ হয়, তবে দুটির মধ্যকার পথ পার্থক্য হবে-
 (a) $\frac{\lambda}{8}$ (b) $\frac{\lambda}{4}$ (c) $\frac{\lambda}{2}$ (d) $\frac{\lambda}{16}$
- সমাধান: (a); $\delta = \frac{2\pi}{\lambda} \times \Delta x \Rightarrow \Delta x = \frac{\pi}{4} \times \frac{\lambda}{2\pi} = \frac{\lambda}{8}$ [SBAU'05-06, BAU'14-15, JGBC'14-15, SAU'18-19]

03. একটি টানা তারের দৈর্ঘ্য পরিবর্তন না করে এর উপর প্রযুক্ত টান চারগুণ বাড়িয়ে দেয়া হলো। তারের কম্পাঙ্কের কত পরিবর্তন হবে?
 (a) দ্বিগুণ (b) তিনগুণ (c) চারগুণ (d) পাঁচগুণ [BAU'17-18]
- সমাধান: (a); $f = \frac{1}{\lambda} \sqrt{\frac{T}{\mu}} \therefore f \propto \sqrt{T}$

04. পানির ভিতর তরঙ্গ দৈর্ঘ্য 5.8 m। পানিতে শব্দের বেগ 145ms^{-1} হলে, কম্পাঙ্ক কত?
 (a) 25 Hz (b) 50 Hz (c) 75 Hz (d) 100 Hz [Ans: a][BAU'17-18]

05. একটি উৎস এবং একজন শ্রোতা 50 মি./সে. সমান বেগে পরস্পর পরস্পরের দিকে অগ্রসর হচ্ছে। উৎসের প্রকৃত কম্পাঙ্ক 300 হার্জ হলে আপাত কম্পাঙ্ক কত হবে? বাতাসে শব্দের বেগ = 350 মি./সে.।
 (a) 100 Hz (b) 200 Hz (c) 300 Hz (d) 400 Hz [SAU'17-18]
- সমাধান: (d); $f' = \frac{v+u_o}{v-u_s} f = \frac{350+50}{350-50} \times 300 = 400 \text{Hz}$

06. একটি অ্যাম্প্লিফায়ার থেকে নিঃসৃত শব্দের ক্ষমতা 20mW থেকে 40mW-এ পরিবর্তিত হলে শব্দের তীব্রতা লেভেলের কত ডেসিবেল পরিবর্তন হবে?
 (a) 3 dB (b) 4 dB (c) 5 dB (d) 6 dB [JGVC'17-18]
- সমাধান: (a); $\Delta S = 10 \log \left(\frac{P_2}{P_1} \right) = 10 \log \left(\frac{40\text{mW}}{20\text{mW}} \right) = 3.01\text{dB}$

07. অনুনাদ (Resonance) একটি বিশেষ ধরনের-
 (a) পরবশ কম্পন (b) অনুনাদী বাজ (c) অনুনাদী তীব্রতা (d) তরঙ্গের তীব্রতা [Ans: a][JGVC'17-18]
08. সলো (Solo) কিভাবে সৃষ্টি হয়?
 (a) একটি মাত্র বাদ্যযন্ত্র বাজিয়ে (b) অনেকগুলো বাদ্যযন্ত্র একসঙ্গে বাজিয়ে (c) কয়েকটি শব্দ একের পর এক উচ্চারিত করে (d) কতগুলো শব্দ একসঙ্গে উৎপাদন করে [Ans: a][JGVC'17-18]



09. কোন তাপমাত্রায় শব্দের দ্রুতি 0°C তাপমাত্রার শব্দের দ্রুতির দ্বিগুণ হবে? [BAU'16-17]
 (a) 720°C (b) 789°C (c) 819°C (d) 919°C
 সমাধান: (c); $V \propto \sqrt{T} \therefore \frac{V_2}{V_1} = \sqrt{\frac{T_2}{T_1}} \Rightarrow 2 = \sqrt{\frac{T+273}{273}} \Rightarrow 4 = \frac{T}{273} + 1 \Rightarrow T = 819^{\circ}\text{C}$
10. দু'টি সুরশলাকার কম্পাঙ্ক যথাক্রমে 128Hz এবং 384Hz। বায়ুতে উৎপন্ন তরঙ্গদৈর্ঘ্যের অনুপাত কত হবে? [BAU'16-17]
 (a) $1:\frac{1}{3}$ (b) 1:3 (c) 3:1 (d) 9:1
11. শ্রেণি কক্ষের শব্দের তীব্রতা কোনটি? [Ans: d][RU'16-17]
 (a) 1×10^{-12} (b) 1×10^{-11} (c) 1×10^{-9} (d) 1×10^{-7}
12. কোন শ্রেণিকক্ষে শব্দের তীব্রতা $10^{-7}\text{W}\cdot\text{m}^{-2}$ । শব্দের তীব্রতা দ্বিগুণ হলে নতুন তীব্রতা লেভেল কত হবে?
 (a) 27.65dB (b) 33.91dB (c) 43.06dB (d) 53.01dB
 সমাধান: (d); তীব্রতা লেভেল = $10 \log_{10} \frac{2 \times 10^{-7}}{10^{-12}} = 53.01\text{dB}$ [BAU'11-12,09-10,SAU'16-17]
13. কোন মাধ্যমে 480 Hz এবং 320 Hz কম্পাঙ্কের দুইটি তরঙ্গ দৈর্ঘ্যের পার্থক্য 2m হলে মাধ্যমে শব্দের বেগ কত?
 (a) 1800ms^{-1} (b) 1920ms^{-1} (c) 1750ms^{-1} (d) 2050ms^{-1} [CVASU'16-17]
 সমাধান: (b); $v \left(\frac{1}{320} - \frac{1}{480} \right) = 2 \Rightarrow v = 1920$
14. নিচের কোনটি সঙ্গীতের বৈশিষ্ট্য নয়? [Ans: b][JGVC'16-17]
 (a) জাতি (b) তরঙ্গ দৈর্ঘ্য (c) গুণ (d) তীক্ষ্ণতা
15. 0°C তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ কত হবে? [BAU'09-10][BAU'15-16]
 (a) 312 m/sec (b) 320m/sec (c) 332 m/sec (d) 280 m/sec
 সমাধান: (c); 0°C তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ 332 m/sec
16. প্রতিধ্বনি শোনার জন্য উৎস ও প্রতিফলকের ন্যূনতম দূরত্ব কত? [Ans: c][BAU'14-15]
 (a) 13.2 m (b) 14.8 m (c) 16.6 m (d) 20.2 m
17. কোন গ্যাসে 50cm ও 50.5cm তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট দুটি তরঙ্গ প্রতি সেকেন্ডে 6 টি বিট উৎপন্ন করলে ঐ গ্যাসে শব্দের বেগ কত?
 (a) 320ms^{-1} (b) 315ms^{-1} (c) 310ms^{-1} (d) 303ms^{-1} [SBAU'14-15]
 সমাধান: (d) $f_1 - f_2 = 6 \Rightarrow \frac{v}{\lambda_1} - \frac{v}{\lambda_2} = 6 \Rightarrow v = 303\text{ms}^{-1}$
18. যদি শব্দের তীব্রতা দ্বিগুণ করা হয়, তাহলে তীব্রতা লেভেল কত বৃদ্ধি পাবে? [SAU'14-15]
 (a) 2 dB (b) 3 dB (c) 4 dB (d) 8 dB
 সমাধান: (b); $\Delta B = 10 \log \left(\frac{21}{1} \right) = 3 \text{dB}$
19. শব্দ-তরঙ্গ যখন বাতাস এবং পানির মধ্যে চলে তখন নিম্নের কোনটি অপরিবর্তনীয় থাকে? [Ans: c][JGVC'14-15]
 (a) বিস্তার (b) তরঙ্গ-দৈর্ঘ্য (c) কম্পাঙ্ক (d) বেগ
20. $x = A \sin(\omega t + \delta)$ সমীকরণে $-1 \leq \sin(\omega t + \delta) \leq 1$ সম্পর্কটি ব্যবহার করে দেখা যায় যে, মধ্যবর্তী সাম্যাবস্থান ($x = 0$) থেকে সরণ x এর সর্বোচ্চ মান— [Ans: b][SAU'13-14]
 (a) $A/2$ (b) A (c) $3A/2$ (d) $2A$
21. শব্দের তীব্রতা উৎসের দূরত্বের — [Ans: c][SAU'13-14]
 (a) সমানুপাতিক (b) বর্গের সমানুপাতিক (c) বর্গের ব্যাস্তানুপাতিক (d) কোনটিই নয়
22. একটি 0.5m তারকে 50N ভার দ্বারা টানা হলো। যদি 1m তারের ভর 0.005 kg হয় তবে তারটির নিজস্ব কম্পাঙ্ক হলো —
 (a) 100 Hz (b) 50 Hz (c) 200 Hz (d) 150 Hz [CVASU'13-14]
 সমাধান: (a); $f = \frac{1}{2l} \sqrt{\frac{t}{m}} = \frac{1}{2 \times 0.5} \sqrt{\frac{50}{0.005}} = 100\text{Hz}$
23. যখন তরঙ্গ কোন মাধ্যমের ভিতর দিয়ে চলে তখন — [Ans: b][CVASU'13-14]
 (a) কণাগুলো এক স্থান হতে অন্যস্থানে স্থানান্তরিত হয় (b) শক্তি পর্যাবৃত্ত গতি অনুসরণ করে স্থানান্তরিত হয়
 (c) শক্তি ধ্রুব গতিতে স্থানান্তরিত হয় (d) উপরের কোন উক্তিই প্রযোজ্য নয়

24. শব্দ ও আলোর তরঙ্গ উভয়েই — [Ans: b][CVASU'13-14]
 (a) সমান তরঙ্গ দৈর্ঘ্যের (b) প্রতিফলন সূত্র মেনে চলে
 (c) লম্বিক তরঙ্গ আকারে চলে (d) শূন্য মাধ্যমে চলে
25. কোন মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে বেশী? [Ans: a][JGVC'13-14]
 (a) পারদ (b) বায়ু (c) পানি (d) হাইড্রোজেন
26. পানির ভিতর তরঙ্গ দৈর্ঘ্য 5.8m, পানিতে শব্দের বেগ 145 m/sec হলে, কম্পাঙ্ক কত হবে? [SAU'11-12, CVASU'11-12, BAU'12-13]
 (a) 5 Hz (b) 25 Hz (c) 50 Hz (d) 75 Hz
 সমাধান: (b); $f = \frac{145}{5.8} = 25 \text{ Hz}$
27. কোন তাপমাত্রায় শব্দের দ্রুতি 0°C তাপমাত্রায় শব্দের দ্রুতির দ্বিগুণ হবে? [BAU'12-13]
 (a) 720°C (b) 819°C (c) 840°C (d) 919°C
 সমাধান: (b); $v_t = v_0 \sqrt{1 + \alpha\theta} \Rightarrow 4 = 1 + \alpha\theta \Rightarrow 3 = \frac{\theta}{273} \Rightarrow \theta = 819^\circ\text{C}$
28. একটি পোলিন্ডি ফার্মের মালিক তার ফার্মের মুরগীর সংখ্যা 500 থেকে বাড়িয়ে 2000 করায় ফার্মের শব্দের তীব্রতার লেভেল বৃদ্ধি পাবে — [SAU'12-13]
 (a) 6 dB (b) 8 dB (c) 16 dB (d) 20 dB
 সমাধান: (a); তীব্রতার লেভেল বৃদ্ধি পাবে $= 10 \log \frac{2000}{500} = 6 \text{ dB}$
29. একটি তরঙ্গে দুটি কণা 0.159m ব্যবধানে অবস্থিত। কণাদ্বয়ের মধ্যে দশা পার্থক্য 1.85 রেডিয়ান। তরঙ্গ উৎসের কম্পাঙ্ক 512 Hz হলে ঐ তরঙ্গের বেগ — [CVASU'12-13]
 (a) 250.15 ms^{-1} (b) 276.48 ms^{-1} (c) 288.5 ms^{-1} (d) 275.33 ms^{-1}
 সমাধান: (b); দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times \text{পথ পার্থক্য} \Rightarrow 1.85 = \frac{2\pi}{\lambda} \times 0.159 \Rightarrow \lambda = \frac{2\pi \times 0.159}{1.85} = 0.54 \text{ m}$
 $\therefore v = f\lambda = 512 \times 0.54 = 276.48 \text{ ms}^{-1}$
30. 0°C তাপমাত্রায় শব্দের বেগ 332.5 ms^{-1} হলে, 30°C তাপমাত্রায় বেগ কত? [BAU'11-12]
 (a) 330 ms^{-1} (b) 1092 ms^{-1} (c) 350.8 ms^{-1} (d) 362.5 ms^{-1}
 সমাধান: (c); $V_t = V_0(1 + 0.00183t) = 332.5(1 + 0.00183 \times 30) = 350.8 \text{ ms}^{-1}$
31. একজন লোক একটি পাহাড়ের সামনে দাঁড়িয়ে একটি শব্দ করলে শব্দটি 4 sec পর প্রতিধ্বনিত হয়। বায়ুতে শব্দের বেগ 332 m/sec হলে পাহাড় হতে লোকটির দূরত্ব কত? [BAU'09-10]
 (a) 116 m (b) 664 m (c) 332 m (d) 1328 m
 সমাধান: (b); পাহাড় থেকে লোকটির দূরত্ব $= 332 \times 2 = 664 \text{ m}$.
32. কোন তারের দৈর্ঘ্য দ্বিগুণ এবং এর টান চারগুণ করা হলে তারের কম্পাঙ্কের কিরূপ পরিবর্তন ঘটবে? [SBAU'09-10]
 (a) কোন পরিবর্তন হবে না (b) দ্বিগুণ (c) চারগুণ (d) পাঁচগুণ
 সমাধান: (a); এখানে, তারের আদি দৈর্ঘ্য, $l_1 = l$
 তারের শেষ দৈর্ঘ্য, $l_2 = 2l$
 তারের আদি টান, $T_1 = T$
 তারের শেষ টান, $T_2 = 4T$
 তারের আদি কম্পাঙ্ক, $f_1 = f$
 তারের শেষ কম্পাঙ্ক, $f_2 = ?$
 $\therefore f_1 = \frac{1}{2l_1} \sqrt{\frac{T_1}{\mu}} = \frac{1}{2l} \sqrt{\frac{T}{\mu}}$; $f_2 = \frac{1}{2l_2} \sqrt{\frac{T_2}{\mu}} = \frac{1}{4l} \sqrt{\frac{4T}{\mu}}$ $\therefore \frac{f_2}{f_1} = 1$
 $\therefore f_2 = f_1$; \therefore কম্পাঙ্কের কোন পরিবর্তন হবে না।
33. আমাদের কান ক্ষীণতম যে তীব্রতার শব্দ তরঙ্গ অনুভব করতে পারে তার বিস্তার প্রায় — [Ans: b][BAU'08-09]
 (a) 10^{-5} m (b) 10^{-11} m (c) 10^{-12} m (d) 10^{-14} m



আরো দেখুন

প্রতিদিনের চাকুরীর মার্কুলার পেতে [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ [এখানে ক্লিক করুন](#)

চাকুরীর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিসিএম এর প্রয়োজনীয় পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাসের চাকুরী পত্রিকা ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)

মকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান [এখানে ক্লিক করুন](#)

বিডিনিয়োগ.কম দেশের মেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

HSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিশ্ববিদ্যালয় ভর্তির মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

মকল ধরনের **মাজেশন** ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)



অধ্যায়-১০ : আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

01. তিনটি গ্যাস অণুর বেগ যথাক্রমে 25 ms^{-1} , 30 ms^{-1} এবং 35 ms^{-1} । তাদের মূল গড় বর্গ বেগ কত?
 (a) 10.5 ms^{-1} (b) 15.5 ms^{-1} (c) 20.3 ms^{-1} (d) 30.3 ms^{-1}
 সমাধান: (d); $C_{\text{rms}} = \sqrt{\frac{30^2 + 25^2 + 35^2}{3}} = 30.3$ [BAU'09-10,15-16,16-17,18-19]
02. 27°C তাপমাত্রায় হিলিয়াম গ্যাসের অণুর গড় গতিশক্তি কত? [SAU'18-19]
 (a) $0.62 \times 10^{-20} \text{ J}$ (b) $2.73 \times 10^{-20} \text{ J}$
 (c) $1.24 \times 10^{-20} \text{ J}$ (d) কোনটিই নয় $6.21 \times 10^{-21} \text{ J}$
 সমাধান: (d); গড় গতিশক্তি $= \frac{3}{2} KT = 6.21 \times 10^{-21} \text{ J}$
03. এস আই ইউনিটে ইউনিভার্সাল গ্যাস ধ্রুবকের মান হলো- [Ans: c][CVASU'18-19]
 (a) $\text{Walt K}^{-1}\text{mol}^{-1}$ (b) $\text{NK}^{-1}\text{mol}^{-1}$ (c) $\text{JK}^{-1}\text{mol}^{-1}$ (d) $\text{Erg K}^{-1}\text{mol}^{-1}$
04. যখন গ্যাসের ঘনত্ব বৃদ্ধি পায় তখন অণুর গড় মুক্ত পথ- [Ans: c][CVASU'18-19]
 (a) অপরিবর্তিত থাকবে (b) বৃদ্ধি পাবে (c) কমবে (d) জটিলভাবে পরিবর্তিত হবে
05. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অক্সিজেন অণুর গড় বর্গবেগের বর্গমূল কত? [JGVC'17-18]
 (a) 262 ms^{-1} (b) 361 ms^{-1} (c) 461 ms^{-1} (d) 561 ms^{-1}
 সমাধান: (c); $C = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3 \times 8.31 \times 273}{32 \times 10^{-3}}} = 461.18 \text{ ms}^{-1}$
06. S. T. P. -তে হাইড্রোজেন অণুগুলোর মূল গড় বর্গ বেগ কত? [S.T.P-তে হাইড্রোজেন অণুর ঘনত্ব $0.09 \text{ kg} \cdot \text{m}^{-3}$] [Ans: b]
 (a) $1.34 \text{ km} \cdot \text{S}^{-1}$ (b) $1.84 \text{ km} \cdot \text{S}^{-1}$ (c) $1.99 \text{ km} \cdot \text{S}^{-1}$ (d) $2.14 \text{ km} \cdot \text{S}^{-1}$ [SAU'16-17]
 সমাধান: (b); $\bar{C} = \sqrt{\frac{3p}{\rho}} = \sqrt{\frac{3 \times 101.325 \times 1000}{0.09}} = 1.84 \text{ km/s}$
07. স্থির চাপে কত তাপমাত্রায় একটি গ্যাসের অণুর গড় বর্গবেগের বর্গমূল স্বাভাবিক চাপ ও তাপমাত্রার গড় বর্গবেগের বর্গমূলের দ্বিগুণ হবে? [SBAU'16-17]
 (a) 546 K (b) 1092 K (c) 273 K (d) 819 K
 সমাধান: (b); T চারগুণ হবে। এতে বেগ $\sqrt{4} = 2$ গুণ হয়। $\therefore T = 4 \times 273 = 1092$
08. নিচের কোন অবস্থায় একটি গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে না? [Ans: সবগুলো][JGVC'16-17]
 (a) আদর্শ তাপমাত্রা ও চাপ (b) নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপ
 (c) নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপ (d) উচ্চ তাপমাত্রা ও চাপ
09. পরম শূন্য তাপমাত্রা হল- [Ans: c][CVASU'16-17]
 (a) 32 K (b) 0°C (c) -273°C (d) -273 K
10. গ্যাসের অণুর (একটি অণুর) গতিশক্তি হল- [Ans: b][CVASU'16-17]
 (a) $\frac{1}{2} KT$ (b) $\frac{3}{2} KT$ (c) $\frac{1}{3} KT$ (d) $\frac{2}{3} KT$
11. “একই তাপমাত্রা এবং চাপে সমান আয়তনের সকল গ্যাসে সমান সংখ্যক অণু থাকে।” – সূত্রটি কার? [Ans: d]
 (a) চার্লসের (b) বয়েলের (c) রেনোর (d) অ্যাভোগেড্রোর [SAU'14-15]

12. কোন পদার্থ গ্যাসীয় অবস্থা হতে তরল অবস্থায় উন্নীত হলে —
 (a) পদার্থটি তাপ পরিত্যাগ করে (b) তাপমাত্রা বৃদ্ধি পাইতে থাকে
 (c) অণুসমূহ স্বাধীনভাবে ছুটছুটি করে (d) অণুসমূহ অধিক গতি শক্তি অর্জন করে
13. কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় আকাশে পানির কণা জমে যায় এবং শিলা আকারে পৃথিবীতে নেমে আসে?
 (a) -20°C (b) 16°C (c) -12°C (d) -10°C
14. একই তাপমাত্রায় একটি নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন 10% কমাতে হলে চাপ শতকরা কত বাড়তে হবে?
 (a) 8.1% (b) 9.1% (c) 11.1% (d) 12.1%

[Ans: d]

[BAU'11-12,14-15]

[BAU'13-14]

সমাধান: (c); $P_1V_1 = P_2V_2 \Rightarrow P_1 \times V = P_2 \times \left(V - \frac{10}{100}V\right)$
 $\Rightarrow P_1V = P_2 \frac{90V}{100} \Rightarrow P_2 = 1.111 P_1 \therefore (P_2 - P_1) \times 100\% = 11.1\%$

[Ans: a][BAU'05-06,13-14]

15. ত্রৈধবিন্দুতে পানির বাষ্প চাপ পারদ স্তম্ভের কত উচ্চতার সমান?
 (a) 4.580 mm (b) 1.013 mm (c) 273.16 mm (d) 12.93 mm
16. আয়তন স্থির রেখে 0°C তাপমাত্রার নির্দিষ্ট ভরের 1Pa চাপের গ্যাসের তাপমাত্রা 1°C বাড়ালে এর চাপ কতটুকু বাড়ে?
 (a) 0.00366K^{-1} (b) 0.00399 Pa (c) 0.00366Pa (d) 0.00399K^{-1}

[SBAU'12-13]

সমাধান: (c); $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2} \Rightarrow \frac{1}{273} = \frac{P_2}{274} \Rightarrow P_2 = \frac{274}{273}$
 $\therefore \Delta P = P_2 - P_1 = \frac{1}{273} = 0.00366\text{ Pa}$

17. বায়ুমণ্ডল দ্বারা তাপ অপরিবাহী মণ্ডল সৃষ্টির কারণে পৃথিবীর বর্তমান গড় তাপমাত্রা কত $^{\circ}\text{C}$?
 (a) 10 (b) 15 (c) 20 (d) 25

[Ans: b][SBAU'12-13]

